

37665 - রোয়ার কারণে ডেন্টাল ব্রেস মুখ থেকে খুলে রাখা আবশ্যক নয়

প্রশ্ন

রোয়া অবস্থায় ডেন্টাল ব্রেস খুলে ফেলা কি আবশ্যিকীয়? কারণ এটা মুখে থাকা অবস্থায় আমি যখন কথা বলি তখন অনেক লালা বের হয় এবং আমি সেগুলো গিলে ফেলতে বাধ্য হই। আপনারা আমাকে অবহিত করবেন। জায়াকুমুল্লাহ খাইরা।

প্রিয় উত্তর

রোয়ার কারণে ডেন্টাল ব্রেস খুলে রাখা আবশ্যিকীয় নয়। যেহেতু এর থেকে কোন কিছু পেটে যায় না। এটি অধিক লালা বের হওয়ার কারণ বিধায় রোয়া ভঙ্গকারী হিসেবে গণ্য হবে না।

আলেমগণ এই মর্মে ইজমা করেছেন যে, রোয়াদারের জন্য মুখের ভেতরে দিরহাম রাখা জায়েয়। দিরহাম রাখা জায়েয় হওয়ার চেয়ে ডেন্টাল ব্রেস রাখা জায়েয় হওয়া অধিক যুক্তিযুক্ত। কারণ প্রয়োজন ছাড়া কেউ ডেন্টাল ব্রেস মুখে রাখে না।

ইমাম আহমাদ বলেন: কোন ব্যক্তি রোয়া রেখে তার মুখে কোন দিরহাম বা দিনার রাখলে, যদি সে গলার ভেতরে এটির কোন স্বাদ না পায়; তাহলে এতে কোন অসুবিধা নাই। আর যদি স্বাদ পায় তাহলে এটি রাখা আমার কাছে পছন্দনীয় নয়। [আল-মুগনী (৪/৩৫৯)]

লালা গিলে ফেললে রোয়া ভঙ্গবে না; এমনকি লালা বেশি হলেও।

আল্লাহই সর্বজ্ঞ।